গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও,শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।
(www.bpsc.gov.bd)

## নিয়োগ বিজ্ঞপ্তি

নম্বরঃ ২৫৭ তারিখঃ- ১২ /১১/২০১৪ ইং।

পরীক্ষা নিয়ন্ত্রক(নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা, নিম্নলিখিত পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে Online এ আবেদনপত্র আহ্বান করছে ঃ

| | | |
|---|---|---|
| ১। ৮০.১০৪.০১১.০০.০০.০১৬.২০১৪ | ঃ | **অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীন জাতীয় রাজস্ব বোর্ডের ২য় শ্রেণীর** সহকারী রাজস্ব কর্মকর্তার **মুক্তিযোদ্ধা, উপজাতিয় কোটায় সংরক্ষিত (অপুরণকৃত) ২৩৮ (দুইশত আটত্রিশ) টি পদ।** |
| **বেতন স্কেল** | ঃ | **টাকা-৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০/-তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা/সুবিধা।** |
| **শিক্ষাগত যোগ্যতা** | ঃ | **কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি বা এইচএসসি পরীক্ষা পাশের পর ৪(চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি বা সমমানের ডিগ্রি ।** |
| **বয়স** | ঃ | **০১ নভেম্বর/২০১৪তারিখে অনূর্ধ্ব ৩০বৎসর (মুক্তিযোদ্ধা এবং শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র কন্যা এবং উপজাতিয় প্রার্থীর ক্ষেত্রে)। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য (শুধুমাত্র মুক্তিযোদ্ধা ও উপজাতিয় কোটায় চাকুরিরতদের ক্ষেত্রে) ।** |

**বিশেষ দ্রষ্টব্য**

| | |
|---|---|
| ১। | **অন-লাইনে আবেদনপত্র (বিপিএসসি ফর্ম-৫) পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময় ঃ**<br>(ক) ১৬ নভেম্বর, ২০১৪ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ টা থেকে অনলাইনে আবেদনপত্র দাখিল এবং ফি জমাদান শুরু হবে। উল্লেখ্য যে, প্রার্থীদেরকে আবেদনপত্র দাখিলের পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে ফি জমাদান সম্পন্ন করতে হবে।<br>(খ) ৩০ নভেম্বর/২০১৪ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬.০০টার মধ্যে অবশ্যই আবেদনপত্র জমাদান সম্পন্ন করতে হবে এবং উক্ত সময়ের মধ্যে শুধু মাত্র **USER ID** প্রাপ্ত প্রার্থীগণই পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে অর্থাৎ ০৩ ডিসেম্বর/২০১৪ সন্ধ্যা ৬.০০টার মধ্যে ফি জমাদান অবশ্যই সম্পন্ন করতে হবে।<br>**শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে চূড়ান্তভাবে আবেদনপত্র জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।** |
| ২। | **বয়স (০১, নভেম্বর/২০১৪ খ্রিঃ তারিখে) ঃ**<br>ক) মুক্তিযোদ্ধা এবং শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র কন্যা এবং উপজাতিয় প্রার্থীর ক্ষেত্রে বয়স ৩০ বছর(জন্ম তারিখ সর্বোচ্চ ০২/১১/১৯৮৪ পর্যন্ত)।<br>খ)মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের জন্য সর্বোচ্চ ৩২ বছর (জন্ম তারিখ সর্বোচ্চ ০২/১১/১৯৮২ পর্যন্ত) । |
| ৩। | **জাতীয়তাঃ-**<br>ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।<br>খ) যে সকল প্রার্থী কোন অ-বাংলাদেশী নাগরিককে বিবাহ করেছেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন সে সকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। সরকারের অনুমতিপত্র লিখিত পরীক্ষার পর বিপিএসসি ফর্ম-৩ এর সাথে অবশ্যই দিতে হবে। |
| ৪। | **শুধুমাত্র সহকারী রাজস্ব কর্মকর্তা পদে মুক্তিযোদ্ধা ও উপজাতিয় কোটায় চাকুরিরত বিভাগীয় প্রার্থী** ঃ Departmental Candidates are those who hold post or posts in the same line of service for at least two years either in substantive or officiating capacity and are eligible for promotion or direct recruitment to the post advertised provided that their age at the time of first appointment to government service was within the age limit prescribed for direct appointment to the post.<br>(Government Circular No RV/IP-19/70-205(250) date15-4-1972) |

| | |
|---|---|
| ৫। | **অনলাইনে বিপিএসসি ফর্ম-৫ পূরণঃ-**<br>প্রার্থীকে টেলিটকের Web address ঃ http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web address ঃ www.bpsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র বিপিএসসি ফর্ম-৫ পূরণ করে Online Registration কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইট ওপেন করে Non-Cadre |

| | |
|---|---|
| | অপশন Select করে ক্লিক করলে সহকারী রাজস্ব কর্মকর্তা পদের Advertisement, Instructions for Submitting Application এর রেডিও বাটন দৃশ্যমান হবে। Advertisement-এর রেডিও বাটনে ক্লিক করলে সহকারী রাজস্ব কর্মকর্তা পদের বিজ্ঞাপন পাওয়া যাবে। ফর্ম পূরণের পূর্বে প্রার্থী এই Instructions এবং বিজ্ঞপ্তি Download করে প্রতিটি নির্দেশনা ভালো করে আয়ত্ত করে নিতে পারবেন। |
| ৬। | **ডিক্লারেশন ঃ**<br>প্রার্থীকে অন লাইন আবেদনপত্র (বিপিএসসি ফর্ম-৫) ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীতব্য যে কোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত ডিক্লারেশন অনুযায়ী প্রিলিমিনারি টেস্টের জন্য সাময়িকভাবে যোগ্য বিবেচনা করে প্রবেশপত্র প্রদান করা হবে। প্রিলিমিনারি টেস্টে কৃতকার্য হলে প্রার্থী কর্তৃক অনলাইন আবেদনপত্রে (বিপিএসসি ফর্ম-৫) প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র লিখিত পরীক্ষার পূর্বে বিপিএসসি ফর্ম-৩ এর সাথে কমিশনে জমা দিতে হবে। কোন প্রার্থী অনলাইনে প্রদত্ত তথ্য ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিপিএসসি ফর্ম-৩ এর সাথে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র দাখিল করতে ব্যর্থ হলে বা কোন অযোগ্যতা ধরা পড়লে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। |
| ৭। | **ছবি (Picture)** ঃ BPSC Form-5 সাফল্যজনকভাবে পূরণ সম্পন্ন হলে application preview দেখা যাবে। Preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×300 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 100 KB এর বেশি নয় প্রার্থীকে এরূপ মাপের নিজের রঙ্গীন ছবি Scan করে jpg format এ upload করতে হবে। সাদাকালো ছবি গ্রহণযোগ্য নয়। ছবি উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home page এর Help Menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে। |
| ৮। | **স্বাক্ষর (Signature)** ঃ Application Preview তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×80 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 100 KB এর বেশি গ্রহণযোগ্য নয়, প্রার্থীকে এরূপ মাপের নিজের স্বাক্ষর Scan করে jpg format এ upload করতে হবে। স্বাক্ষর উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। |
| ৯। | **পরীক্ষার ফি প্রদানঃ**<br>Online এ আবেদনপত্র (BPSC Form-5) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশমতে ছবি এবং Signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা জমা দিবেন ।<br><br><u>প্রথম SMS</u> ঃ BPSC<space>User ID লিখে send করুন 16222 নম্বরে ।<br>Example : BPSC NCRPQBCR send to 16222<br><br>**Reply:** Applicant's Name, Tk-500 will be charged as application fee. Your PIN is (8 digit number). To pay fee, type BPSC<space>Yes<space>PIN and send to 16222.<br><br><u>দ্বিতীয় SMS</u> ঃ BPSC<space>yes<space> pin লিখে send করুন 16222 নম্বরে।<br>Example : BPSC YES (8 digit number) send to 16222<br><br>**Reply:** Congratulations! Applicant's Name, payment completed successfully for Non-cadre examination. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).<br>**বিঃ দ্রঃ** If password is lost, please type BPSC<Space> HELP<Space> SSC Board<Space> SSC Roll<Space>SSC Year and Send to 16222. অথবা টেলিটকের বর্ণিত ওয়েব সাইটে Home<br><br>page এর Admit Card Menu তে ক্লিক করলে User Recovery, Password Recovery ও Payment Status বাটন দেখা যাবে। উক্ত বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Submit করলে কাঙ্ক্ষিত তথ্যাবলি পাওয়া যাবে। |
| ১০। | (ক) **প্রবেশপত্র (Admit Card)** ঃ প্রার্থী তার User ID এবং Password ব্যবহার করে প্রার্থিত ছবি ও রেজিঃ নম্বর সংবলিত প্রবেশপত্র (Admit Card) download করে নিতে পারবেন। |

(খ) বিজ্ঞাপনে পদের পার্শ্বে উলিণ্ডখিত শিক্ষাগত যোগ্যতা না থাকলে কোন প্রার্থী আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন
না। কোন প্রার্থী পরীক্ষার ফি জমা দিয়ে admit card পাওয়ার পর একাধিকবার Online এ Application form জমা দিতে পারবেন না। কোন প্রার্থী Online এ আবেদন ফর্ম পূরণ করে ফি জমাদান সম্পন্ন করলে তার আবেদন চূড়ান্ড়ভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে। প্রার্থী মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফর্ম পূরণ করে একাধিক admit card গ্রহণ করলে প্রক্রিয়ায়ণের যে কোন স্ড়রে জালিয়াতি প্রমাণিত হলে এরূপ প্রার্থীর সামগ্রিক প্রার্থিতা বাতিল হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীতব্য সকল পদে আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবে এবং উক্ত প্রার্থীর বির"দ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১১। **বিপিএসসি ফর্ম-৩ প্রাপ্তি** ঃ শুধুমাত্র প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণ কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট থেকে কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে বিপিএসসি ফর্ম-৩ download করে সংগ্রহ করবেন। ওয়েবসাইট থেকে সংগৃহীত বিপিএসসি ফর্ম-৩ যথাযথভাবে পূরণ করে প্রার্থীগণ নিম্নোক্ত সনদ/ডকুমেন্টসসহ কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে এবং স্থানে জমা দিবেন।

(১) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি। শুধুমাত্র স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রির মূল/সাময়িক সনদের সত্যায়িত কপির স্থলে মূল মার্কসশীটের সত্যায়িত কপি এ শর্তে গ্রহণ করা হবে যে, মৌখিক পরীক্ষার সময়ে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে।

(২) বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের সনদের সত্যায়িত কপি। "ও" লেভেল এবং "এ" লেভেল করা প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

**"চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/মার্কশিট/টেস্টিমোনিয়াল-এ যদি ৪ বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান উল্লেখ না থাকে তবে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদি স্নাতক/ স্নাতক সম্মান মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে । অন্যথায় তাদের অর্জিত ডিগ্রি ৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে ।"**

(৩) ক) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্ড়ান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬-০২-২০০২ তারিখের মুঃবিঃম/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত কপি।

খ) ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ড় তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি।

গ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-০১-২০১১ তারিখের ০৫.১৭০.০২২.০৭.০১.০২৪.২০১০-২৬ নং সার্কুলার অনুযায়ী মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র ও কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যাদের পুত্র ও কন্যাগণ মুক্তিযোদ্ধা কোটায় বিবেচিত হবেন। তবে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশিণ্ডষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের ২টি সত্যায়িত কপি।

ঘ) মুক্তিযোদ্ধা সনদ হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্যয়নপত্র প্রাথমিকভাবে গ্রহণ করা হবে। তবে মৌখিক পরীক্ষার সময় প্রার্থী কর্তৃক অবশ্যই মূল সনদ উপস্থাপন করতে হবে এবং উক্ত সনদের একটি সত্যায়িত কপি কমিশনে জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। উলেণ্ডখ্য মুক্তিযোদ্ধা/উপজাতীয় প্রার্থী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সঠিক সনদপত্র উপস্থাপনে ব্যর্থ হলে মুক্তিযোদ্ধা/উপজাতীয় প্রার্থী হিসেবে প্রার্থিতা বাতিল হবে।

ঙ) শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সংশিণ্ডষ্ট কর্তৃপক্ষ কর্তৃক শারীরিক প্রতিবন্ধী সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে । কোন প্রতিবন্ধী প্রার্থী শ্র"তিলেখকের জন্য আবেদন করলে যিনি প্রতিবন্ধী পরীক্ষার্থীকে সহায়তা করবেন তার ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, শ্র"তিলেখক বর্তমানে অধ্যয়নরত থাকলে সে বিষয়ে সংশিণ্ডষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পরিচয়পত্র ও প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি, শ্র"তিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে ডাক্তারি প্রত্যয়নপত্র ইত্যাদি জমা দিতে হবে ।

(৪) প্রার্থী উপজাতি সম্প্রদায়ভুক্ত হলে সংশিণ্ডষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি।

(৫) বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশিণ্ডষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি।

(৬) সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি থেকে ইস্ড়ফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্ড়ফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত ফটোকপি।

(৭) আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রামাণ্য সনদের সত্যায়িত কপি।

| | |
|---|---|
| | (৮) সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত ফটোকপি।<br>(৯) প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ যে সকল প্রার্থী বিপিএসসি ফর্ম-৩ পূরণ করে নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হবেন তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং তারা লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।<br>**বিঃদ্রঃ বিপিএসসি ফর্ম-৩ অনুপুঙ্খ যাচাই এর পর শুধুমাত্র ত্রুটিমুক্ত আবেদনপত্রের বিপরীতে লিখিত পরীক্ষা গ্রহণের অনুমতি দেয়া হবে।** |
| ১২। | (ক) অনলাইন আবেদনপত্রের (BPSC Form-5) প্রথম অংশের স্থায়ী ঠিকানার (Permanent Address) district এর ঘরে এবং পরবর্তী বিপিএসসি ফর্ম-৩ এর স্থায়ী ঠিকানার (Permanent Address) নির্ধারিত স্থানে উল্লিখিত স্থায়ী জেলা এক এবং অভিন্ন হতে হবে এবং উক্ত জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে তাঁকে চাকুরিতে মনোনয়নের জন্য বিবেচনা করা হবে। এক্ষেত্রে ভুল তথ্য প্রদানের জন্য প্রার্থিতা/মনোনয়ন বাতিল হবে। BPSC Form-5 এবং পরবর্তীতে প্রদত্ত বিপিএসসি ফর্ম-৩ তে প্রদত্ত তথ্যে অমিল থাকলে BPSC Form-5 এর তথ্য সঠিক হিসেবে পরিগণিত হবে।<br>(খ) প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা (Permanent Address) পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলাগণের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরচেয়ারম্যান/মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র লিখিত পরীক্ষার পূর্বে কমিশন কর্তৃক সরবরাহকৃত বিপিএসসি ফর্ম-৩ এর সাথে জমা দিতে হবে। |
| ১৩। | প্রার্থীকে কেবল কমিশনের অনুমোদিত অন-লাইন আবেদনপত্র (বিপিএসসি ফর্ম-৫) পূরণ করে জমা দিতে হবে। মুদ্রিত কোন আবেদনপত্র সরবরাহ করা হবে না। ফলে মুদ্রিত আবেদনপত্র জমাদানের কোন সুযোগ নেই। |
| ১৪। | প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লিখা আছে অন-লাইনে আবেদনপত্রে (বিপিএসসি ফর্ম-৫) এবং পরবর্তীতে বিপিএসসি ফর্ম-৩ তে ঠিক সেভাবে লিখতে হবে। |
| ১৫। | যে কোন পর্যায়ে গুরুতর (Substantive) ত্রুটি ধরা পড়লে প্রার্থিতা বাতিল হবে। |
| ১৬। | মৌখিক পরীক্ষা গ্রহণের সময় শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মূল অথবা সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে। সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/স্থানীয় সংস্থায় চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্র ইত্যাদির মূলকপি এবং সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। **উল্লেখ্য বাছাই/প্রিলিমিনারি/লিখিত/মৌখিক পরীক্ষা একই প্রবেশপত্রের মাধ্যমে গ্রহণ করা হবে । মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে প্রার্থীদের নামে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না । অর্থাৎ প্রিলিমিনারি/লিখিত পরীক্ষার প্রবেশপত্রের মাধ্যমে সাক্ষাৎকার গ্রহণ করা হবে এবং উক্ত প্রবেশপত্র ব্যতীত সাক্ষাৎকার গ্রহণ করা হবে না ।** |
| ১৭। | **ছাড়পত্র** ঃ প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যারা সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত সংস্থা অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত তাদের জন্য যথাসময়ে প্রাপ্ত বিপিএসপি ফর্ম-৩ এর সাথে সংযুক্ত ছাড়পত্রের ফর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের সীল স্বাক্ষর গ্রহণ করে মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। |
| ১৮। | **প্রিলিমিনারি টেস্ট ঃ** জাতীয় রাজস্ব বোর্ডের "সহকারী রাজস্ব কর্মকর্তা " পদের আবেদনকারীর সংখ্যা ২০০০ এর অধিক হলে প্রিলিমিনারি টেস্ট গ্রহণ করা হবে। প্রিলিমিনারি টেস্টের সঠিক তারিখ, সময় ও আসনব্যবস্থা যথাসময়ে পিএসসি'র ওয়েবসাইটসহ জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।<br>(ক) প্রার্থীদেরকে ১০০(একশত) নম্বরের একটি লিখিত Multiple Choice Question (MCQ) type প্রিলিমিনারি টেস্ট-এ অংশগ্রহণ করতে হবে। কম্পিউটারের মাধ্যমে উত্তরপত্র মূল্যায়ন করা হবে।<br>(খ) এই পরীক্ষায় মোট ১০০(একশত)টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ নম্বর পাবেন, তবে ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা হবে। পরীক্ষার জন্য পূর্ণ সময় দেয়া হবে ১ ঘন্টা। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও গণিত বিষয়সমূহের উপর প্রশ্ন করা হবে।<br>(গ) উত্তরপত্রে প্রশ্নপত্রের সেট কোড নম্বর না লিখলে অথবা ভুল লিখলে উত্তরপত্র বাতিল হবে।<br>(ঘ) যে সকল প্রার্থী প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ হবেন এবং যাদের বিপিএসসি ফর্ম-৩ সম্পূর্ণরূপে ত্রুটিমুক্ত পাওয়া যাবে শুধুমাত্র তারাই লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। |

| | |
|---|---|
| ১৯। | **২য় শ্রেণীর পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষার বিষয়সমূহ ও নম্বর বণ্টন ঃ**<br>(ক) বাংলা — ৫০<br>(খ) ইংরেজি — ৫০<br>(গ) গণিত/প্রাসঙ্গিক টেকনিক্যাল — ৬০<br>(ঘ) সাধারণ জ্ঞান — ৪০<br>(ঙ) মৌখিক পরীক্ষা — ৫০<br>সর্বমোট= ২৫০<br>**বিঃ দ্রঃ-** লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে। |
| | |
| ২০। | লিখিত পরীক্ষার পাস নম্বর গড়ে ৪৫%, মৌখিক পরীক্ষার পাস নম্বর ৪০%। লিখিত পরীক্ষার কোন বিষয়ে ২৫% নম্বরের কম পেলে তিনি উক্ত বিষয়ে কোন নম্বর পাননি বলে গণ্য হবে। তবে কোন প্রার্থী কোন বিষয়ে ২৫% এর কম নম্বর পাওয়ার পরও অন্যান্য বিষয়ে সামগ্রিকভাবে ৪৫% নম্বর পেলে উক্ত প্রার্থীকে লিখিত পরীক্ষায় কৃতকার্য হিসেবে গণ্য করা হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হবেন। লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় আলাদাভাবে পাশ করতে হবে। অন্যথায় প্রার্থী সামগ্রিকভাবে অকৃতকার্য বিবেচিত হবেন। |
| ২১। | **লিখিত পরীক্ষার উত্তরদানের ভাষা ঃ** বাংলা, ইংরেজি ও অন্যান্য ভাষা সম্পর্কিত বিষয়ের প্রশ্নের উত্তর সংশ্লিষ্ট ভাষাতেই লিখতে হবে। অন্যান্য বিষয়ের প্রশ্নের উত্তর বাংলা বা ইংরেজি-এর যে কোন একটিতে লিখতে হবে। একটি বিষয়ের উত্তরে উভয় ভাষা ব্যবহার করা যাবে না (Technical বিষয়সমূহ ইংরেজিতে লেখা যাবে)। কোন বিষয়ের প্রশ্নপত্রে অন্য কোনরূপ নির্দেশ থাকলে উক্ত বিষয়ের ক্ষেত্রে ঐ নির্দেশ অনুযায়ী প্রশ্নোত্তর লিখতে হবে। |
| ২২। | **পরীক্ষার কেন্দ্রসমূহ ঃ** প্রার্থী অনলাইন আবেদনপত্রের (BPSC Form-5) Exam centre ঘরে যে পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখ করবেন তাকে সে কেন্দ্রেই পরীক্ষা দিতে হবে। প্রিলিমিনারি অবজেকটিভ টেস্ট/লিখিত পরীক্ষা ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল,সিলেট ও রংপুর কেন্দ্রে অনুষ্ঠিত হবে। তবে প্রার্থী কর্তৃক প্রার্থিত কোন কেন্দ্রে প্রিলিমিনারি টেস্ট/ লিখিত পরীক্ষা অনুষ্ঠান সম্ভব না হলে কমিশন কর্তৃক নির্ধারিত অন্য কোন কেন্দ্রে প্রার্থীকে প্রিলিমিনারি টেস্ট/লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। **কেন্দ্র পরিবর্তনের কোন আবেদন গ্রহণ করা হবে না।** |
| ২৩। | এই বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত আরোপ করা হয়েছে তা আবেদনপত্র (BPSC Form-5 ও BPSC Form-3) এর কোন শর্তের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না হলে এই বিজ্ঞপ্তির শর্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তবে কোন বিষয় অনুল্লেখিত থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে কমিশন এ ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্ত দিবে। |
| ২৪ | নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যার হ্রাস-বৃদ্ধি হতে পারে । |
| ২৫। | বিজ্ঞপ্তি ও ফরম পূরণের নির্দেশাবলি টেলিটকের http://bpsc.teletalk.com.bd এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে। |

॥পড়াশুনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।॥
চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে ।

| | |
|---|---|
| | (শেখ শাখাওয়াৎ হোসেন)<br>পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)<br>(যুগ্ম-সচিব) |